

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪০২

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো গোপন সময়ে নিজের অবস্থার হেফাযত করা

ذِكْنُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ أَنْ تحفظ مِنْ تَحَفُّظِ أَحْوَالِهِ فِي أَوْقَاتِ السِّرِّ

আরবী

أَخْبُرَنَا بْنِ خُزَيْمَةَ قَالَ حَدَّثَنَا أَبُو يَحْيَى مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحِيمِ قَالَ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ قَالَ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ أَبِي بَكْرٍ عَنْ سَعِيد بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي سَعِيد لَلْخُدْرِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " أَلَا أَدُلُكُمْ عَلَى شَيْءٍ يُكَفِّرُ الْخَطَايَا الْخُدْرِيِّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " أَلَا أَدُلُكُمْ عَلَى شَيْءٍ يُكَفِّرُ الْخَطَايَا وَيَرْيِدُ فِي الْمُسْنِوبَ فِي الْمَكَارِهِ وَيَرْبِدُ فِي الْمُكَارِةِ وَمَا مِنْ أَحَد يَخْرُجُ مِنْ بَيْتِهِ وَكَثْرَةُ الْخُطَا إِلَى هَذَا الْمَسْجِدِ وَالصَّلَاةُ بَعْدَ الصَّلَاةِ وَمَا مِنْ أَحَد يَخْرُجُ مِنْ بَيْتِهِ مَعْطَهِرًا حَتَّى يَأْتِي الْمَسْجِدِ الْمَسْلِمِينَ أَقْ مَعَ الْإِمَامِ ثُمَّ يَنْظِرُ الصَّلَاةَ الْتِي مُعَ الْمُسْلِمِينَ أَقْ مَعَ الْإِمَامِ ثُمَّ يَنْظِرُ الصَّلَاةَ الْتِي مَعْ الْمُسْلِمِينَ أَقْ مَعَ الْإِمَامِ ثُمَّ يَنْظِرُ الصَّلَاةِ الْتَهِ مَعْ الْمُسْلِمِينَ أَقْ مَعَ الْإِمَامِ ثُمَّ يَنْظِرُ الصَّلَاةِ الْتَهِ الْمَعْرَا حَتَّى يَأْتِي الْمَسْجِدِ وَالصَّلَقِي مَعَ الْمُسْلِمِينَ أَقْ مَعَ الْإِمَامِ ثُمُّ يَنْظِرُ الصَّلَاةِ الْتَهِ الْتَهِمُ الْعُورِ لَهُ اللَّهُمُ الْمُحْرِبُوا فَإِنِي قَالِوا اللَّهُ لِمَنْ وَرَائِي وَإِذَا لَكُمْ الْإِمَامُ فَكَبُرُوا فَإِنِي قَالِوا الْمُوَتَّ مُ وَسُدُّ وَاللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا رَبَّنَا وَلَكَ الْحَمْدُ. وَخَيْرُ صَفُوفِ الرِّجَالِ الْمُقَدَّمُ وَسَرُّ مَنُوفِ النِسَاءِ الْمُقَدَّمُ وَسَرُّ مَنُ وَرَائِي وَإِذَا لَمُعَرَّدُ وَشَرُّ مَنْ وَرَائِي وَإِذَا لَمُعَرِّرُ مَنُوفِ النِسَاءِ إِذَا سَجَدَدَ الرِّجَالُ الْمُقَدِّمُ وَاللَّهُ الْمَالِ الْمُقَدِّرُ وَمَنْ أَلْ اللَّهُ مَا اللَّهُ اللَّهُ مَا اللَّهُ عَلَى مَا اللَّهُ اللَّهُ اللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَى الْمُولَعِلَ اللَّهُ الْمُعَلِّقُوفِ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ مَا اللَّهُ اللَ

فَقُلْتُ لِعَبْدِ اللَّهِ بْنِ أَبِي بَكْرٍ مَا يعني بذلك قال ضيق الأزر.

الراوي: أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 402 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪০২. আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম



বলেছেন: "আমি কি তোমাদের এমন জিনিসের সন্ধান দিব না, যা তোমাদের পাপসমূহ মোচন করে দিবে এবং সাওয়াব বৃদ্ধি করবে?" সাহাবীগণ বললেন: "জ্বী, হ্যাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম।" রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "সেটি হলো কস্টের সময় পরিপূর্ণভাবে ওয়ু করা বা পবিত্রতা অর্জন করা, এই মসজিদে বেশি বেশি পদক্ষেপ ফেলে আসা, এক সালাতের পর আরেক সালাত আদায় করা। তোমাদের মধ্যে যে ব্যক্তি পবিত্রতা অর্জন করে বাড়ি থেকে সালাতের উদ্দেশ্যে বের হয়ে মুসলিমদের সাথে অথবা (বলেছেন) ইমামের সাথে সালাত আদায় করে তারপর পরবর্তী সালাতের জন্য অপেক্ষা করে, ফেরেস্তাগণ তার জন্য দু'আ করেন এই বলে যে, "হে আল্লাহ, তুমি তাকে ক্ষমা করো, তার প্রতি রহম করো।" যখন তোমরা সালাতে দাঁড়াবে, তখন কাঁতার সোজা করবে, ফাঁকা জায়গা বন্ধ করবে। ইমাম যখন তাকবীর দিবে, তখন তোমরাও তাকবীর দিবে। কেননা আমি পেছন থেকে তোমাদের দেখতে পাই। ইমাম যখন 'সামি'আল্লাহ্মান হামিদাহ' বলবে, তখন বলবে 'রব্ধানা ওয়া লাকাল হামদ'।" পুরুষের জন্য উত্তম হলো সামনের কাঁতার, তাদের জন্য মন্দ কাতার হলো পেছনের কাঁতার। নারীদের জন্য উত্তম হলো পেছনের কাঁতার, তাদের জন্য মন্দ কাতার হলো সামনের কাঁতার। হে নারী সম্প্রদায়, যখন পুরুষেরা সাজদা করে, তখন তোমরা পুরুষদের লজ্জাস্থান দেখা থেকে নিজেদের দৃষ্টি হেফাযত করবে।"

অধঃস্তন রাবী বলেন: "আমি আব্দুল্লাহ বিন আবী বকরকে বললাম, এর দ্বারা তিনি কী বুঝিয়েছেন?" জবাবে তিনি বলেন: "লুঙ্গির সংকীর্ণতা।"[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৭, ৩৫৭; হাকিম: ১/১৯১, ১৯২; মুসনাদ আহমাদ: ৩/৩; সুনানু বাইহাকী: ২/১৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন